




তারিখ: ২০/০৭/১৪২৯ বঙ্গাব্দ  
০৪/০৭/২০২২ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২১/২১(পার্ট-২) ৫০৫(৪০)

বিষয়: ২৬তম সিনিয়র স্টাফ কোর্স অন এডুকেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (এসএসসিইএম)-এ অংশগ্রহণ  
[সূত্র: মাউশি/স্মারক ন.- ৩৭.০২.০০০০.১১০.৪০.২৩২.২০১৫-৬০৩ তারিখ : ০১/০৯/২০২২ খ্রি.]

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ আগামী ২২ ভাদ্র - ০৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/ ০৬ সেপ্টেম্বর - ২০ অক্টোবর ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় ৪৫ (পয়তাল্লিশ) দিনব্যাপী ২৬তম সিনিয়র স্টাফ কোর্স অন এডুকেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (এসএসসিইএম)-এ অংশগ্রহণের জন্য তিনি মনোনীত হয়েছেন। কোর্স বিষয়ক প্রয়োজনীয় তথ্য ও নির্দেশাবলি নিচে উল্লেখ করা হলো:

১. প্রশিক্ষার্থীকে ০৬/০৯/২০২২ খ্রি. তারিখ সকাল ০৯.০০টায় প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ানস্টপ পয়েন্টে রিপোর্ট করতে হবে;
২. প্রশিক্ষণ কোর্সটি পুরোপুরি আবাসিক। প্রশিক্ষণ মেয়াদে নির্ধারিত সার্ভিস চার্জসহ নায়েম হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। কর্তৃপক্ষ হোস্টেলে ব্যবহার্য কমল, তৈয়্যক, বালিশ, মশারি ও চাদর সরবরাহ করবেন। এজন্য কোর্স শুরু পূর্বদিন অপরাহ্নে নির্ধারিত হোস্টেলে আবাসন সুবিধা গ্রহণ করতে পারবেন;
৩. যিনি ইতিপূর্বে এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন, তাঁর এই কোর্সে পুনরায় অংশগ্রহণের সুযোগ নেই;
৪. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ: ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং, গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৫. প্রশিক্ষণার্থীগণ শ্রেণিকক্ষের অধিবেশন ও নায়েম ক্যান্টিনের অন্যান্য কর্মসূচিতে অফিসিয়াল পোশাক পরিধান করবেন;
৬. শরীরচর্চা ও খেলাধুলার সময় অবশ্যই পুরুষ প্রশিক্ষণার্থীগণকে সাদা রঙের স্পোর্টস ট্রাউজার ও কলার সম্বলিত ফুলহাতা গেঞ্জি, মোজা, কেডস এবং মহিলা প্রশিক্ষণার্থীগণকে সাদা রঙের সেলওয়ার-কমিজ এবং কেডস পরিধান করতে হবে;
৭. প্রত্যেক প্রশিক্ষণার্থীকে এক কপি জীবনবৃত্তান্ত, সদ্য তোলা পাসপোর্ট সাইজের তিনকপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও নিজ নিজ প্রতিষ্ঠানের ছাড়পত্র/ অনুমতিপত্র (প্রতিষ্ঠানের EINN উল্লেখসহ) এবং নিজ পাসপোর্ট সাথে আনতে হবে;
৮. কোর্সের প্রাথমিক ব্যয় (আবাসন, খাবার ইত্যাদি) ও ব্যক্তিগত খরচ নির্বাহের জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীর কমপক্ষে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সাথে রাখা প্রয়োজন। বৈদেশিক শিক্ষাসফরের ব্যয় সম্পর্কে প্রশিক্ষণ চলাকালে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হবে;
৯. কোর্সের অংশগ্রহণকারীগণ সরকারি বিধি মোতাবেক টিএ, ডিএ/ প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;
১০. মনোনীত কর্মকর্তাগণকে অংশগ্রহণের সম্মতিপত্র আগামী ০৪/০৯/২০২২ খ্রি. তারিখ বিকেল ০৪.০০টার মধ্যে [tsshahida.naem@gmail.com](mailto:tsshahida.naem@gmail.com) ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো;
১১. জবুর প্রয়োজনে কোর্স সমন্বয়ক, জনাব স্বপন কুমার নাথ, উপপরিচালক, গবেষণা ও তথ্যায়ন- এর (মুঠোফোন: ০১৭১৫৬৬০৮৩৪/ ই-মেইল [rudro71@gmail.com](mailto:rudro71@gmail.com)) সাথে যোগাযোগ করা যেতে পারে। কোর্স পরিচালনায় সহযোগিতার লক্ষ্যে এ-পত্রের প্রাপ্তি নিশ্চিত করার জন্য উক্ত নম্বরে জানাতে/এসএমএস পাঠাতে অনুরোধ করা গেল;
১২. আমন্ত্রণপত্রসহ প্রশিক্ষণার্থীগণের তালিকা নায়েমের ওয়েবসাইট-এ ([www.naem.gov.bd](http://www.naem.gov.bd)) পাওয়া যাবে;
১৩. মনোনীত প্রশিক্ষণার্থী আগামী ০৫/০৯/২০২২ খ্রি. তারিখে নায়েম ওয়েবসাইট [www.naem.gov.bd](http://www.naem.gov.bd)-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেনুর অনলাইন রেজিস্ট্রেশন থেকে রেজিস্ট্রেশন ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন।

  
(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)  
মহাপরিচালক, নায়েম  
e-mail: [info@naem.gov.bd](mailto:info@naem.gov.bd)


প্রাপক : .....

নম্বর: ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২১/২১(পার্ট-২) ৫০৫(৪০) (০২)

তারিখ: ২০/০৭/১৪২৯ বঙ্গাব্দ  
০৪/০৭/২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষাভবন, ঢাকা
- ২-৫. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা
৬. অধ্যক্ষ, .....
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. হোস্টেল সুপারিনটেন্ডেন্ট, শহীদ বুদ্ধিজীবী হোস্টেল, নায়েম, ঢাকা
৯. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীগণের তালিকা ও আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)
১০. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা
১১. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা
১২. অফিস কপি

  
(প্রফেসর শাহিদা আফরোজ)  
প্রশিক্ষণ বিশেষজ্ঞ  
ও  
কোর্স পরিচালক  
২৬তম এসএসসিইএম  
ফোন: ০১৭১৬৪৪২৭৮৯